



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৬ ফেব্রুয়ারি ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

সন্ত্রাসী কর্তৃক অপহৃত ইউপিডিএফ সদস্যকে ‘বন্দুকযুদ্ধের’ নাটক সাজিয়ে বিচার বহির্ভূতভাবে হত্যার নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ বুধবার, ২৬ ফেব্রুয়ারি ২০২০ সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে এক সপ্তাহ আগে বিশেষ স্বার্থাশ্বেষী মহল মদদপুষ্টি সন্ত্রাসী কর্তৃক অপহৃত হওয়া ইউপিডিএফ সদস্য বাবুছ’ চাকমা ওরফে অর্পনকে(৩১) কথিত ‘নিরাপত্তা বাহিনীর সাথে বন্দুক যুদ্ধের’ নাটক সাজিয়ে বিচার বহির্ভূতভাবে ঠাণ্ডা মাথায় গুলি করে হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি অর্পন চাকমা অপহৃত হওয়ার ঘটনা তুলে ধরে বলেন, গত ১৯ ফেব্রুয়ারি রাঙামাটির বন্দুকভাঙা ইউপি চারিক্ষ্যং মুখের বোয়ালছড়ি গ্রামে রূপায়ন চাকমার (উত্তরণ) নেতৃত্বে সরকারের বিশেষ স্বার্থাশ্বেষী মহলের মদদপুষ্টি সন্ত্রাসীরা সশস্ত্র হামলা চালিয়ে সুমন চাকমা নামে এক ইউপিডিএফ সদস্যকে হত্যা ও অর্পন চাকমাকে অপহরণ করে তাদের আস্তানা সুবলং বাজারে নিয়ে যায়। এরপর থেকে তিনি নিখোঁজ ছিলেন। এ ব্যাপারে সংবাদ মাধ্যমে বিবৃতি প্রদান করা হয়।

ইউপিডিএফ নেতা নিরাপত্তা বাহিনীর সাথে কথিত ‘বন্দুকযুদ্ধ’কে ডাहा মিথ্যা ও সাজানো আখ্যায়িত করে বলেন, আজ ভোররাত আড়াইটার সময় নিরাপত্তা বাহিনীর একটি দল তাদের মদদপুষ্টি একদল সন্ত্রাসীসহ বন্দুকভাঙা ইউনিয়নের সাহজবান্দা গ্রামে ঢুকে পড়ে। এ সময় তারা অপহৃত অর্পন চাকমাকেও সাথে নিয়ে আসে। এর কিছুক্ষণ পর ঠিক পৌনে তিনটার সময় গ্রামবাসীরা কয়েকটি ব্রাশ ফায়ারের শব্দ শুনতে পান। আর এতেই অর্পনকে ঠাণ্ডা মাথায় গুলি করে হত্যা করা হয়।

খুনি-অপহরণকারী সন্ত্রাসীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ না করে উল্টো অপহরণের শিকার হওয়া ইউপিডিএফ সদস্যকে হত্যার ঘটনায় তিনি গভীর উদ্বেগ প্রকাশ করেন এবং অবিলম্বে এ ধরনের বিচার বহির্ভূত হত্যা, অন্যায় দমন-পীড়ন ও মানবাধিকার লঙ্ঘন বন্ধ করার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।